



বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

BANGLADESH BANK PRESS RELEASE

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন
(ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট কর্তৃক প্রেরিত)

সূত্র নং : ডিসিপি(পিআর) ০৫/২০২২-২০১



তারিখ : ২৩ জুন, ২০২২

প্রধান বার্তা সম্পাদক
ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

জাতির গৌরবের প্রতীক 'পদ্মা সেতু'র উদ্বোধন উপলক্ষে মুদ্রিত ১০০ টাকা মূল্যমান স্মারক নোট প্রচলন প্রসঙ্গে।

আগামী ২৫ জুন, ২০২২ তারিখ জাতির গৌরবের প্রতীক 'পদ্মা সেতু'র উদ্বোধন উপলক্ষে বাংলাদেশ ব্যাংক ১০০ টাকা মূল্যমান স্মারক নোট মুদ্রণ করেছে। আগামী ২৬ জুন, ২০২২ তারিখ হতে উক্ত স্মারক নোট বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস এবং পরবর্তীতে অন্যান্য শাখা অফিসে পাওয়া যাবে।

'পদ্মা সেতু'র উদ্বোধন উপলক্ষে মুদ্রিত ১০০ টাকা মূল্যমান স্মারক নোট এর ডিজাইন ও নিরাপত্তা বৈশিষ্ট্য নিম্নরূপঃ



বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির স্বাক্ষরিত ১৪৬ মিমি × ৬৩ মিমি পরিমাপের এ স্মারক নোটের সম্মুখভাগের বামপাশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র প্রতিকৃতি এবং ব্যাকগ্রাউন্ডে 'পদ্মা সেতু'র ছবি/ইমেজ মুদ্রিত রয়েছে। নোটের উপরিভাগে সামান্য ডানে নোটের শিরোনাম 'জাতির গৌরবের প্রতীক পদ্মা সেতু' লেখা রয়েছে। এছাড়া, নোটের উপরে ডানকোণে স্মারক নোটের মূল্যমান ইংরেজিতে '100', নিচে ডানকোণে মূল্যমান বাংলায় '৳১০০' এবং উপরিভাগে মাঝখানে 'একশত টাকা' লেখা রয়েছে।

নোটের পেছনভাগে 'পদ্মা সেতু'র পৃথক একটি ছবি/ইমেজ সংযোজন করা হয়েছে। নোটের উপরিভাগে ডানদিকে নোটের শিরোনাম ইংরেজিতে 'Padma Bridge -The symbol of national pride ONE HUNDRED TAKA' লেখা রয়েছে। এছাড়া, নোটের উপরে বামকোণে ও নিচের ডানকোণে মূল্যমান ইংরেজিতে '100' এবং নিচে বামকোণে বাংলায় '৳১০০' লেখা রয়েছে। এছাড়া, নোটের নিচে মাঝখানে 'বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম' এবং এর বামপাশে 'BANGLADESH BANK' ও ডানপাশে 'ONE HUNDRED TAKA' লেখা রয়েছে।

১০০% কটন কাগজে মুদ্রিত ১০০ টাকা মূল্যমান স্মারক নোটটির সম্মুখভাগে বঙ্গবন্ধুর প্রতিকৃতির বামে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা রয়েছে এবং নোটের ডানদিকে জলছাপ এলাকায় 'বঙ্গবন্ধুর প্রতিকৃতি', '200' এবং 'বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম' মুদ্রিত রয়েছে। এছাড়া নোটের উভয় পৃষ্ঠে ভার্নিশের প্রলেপ সংযোজন করা হয়েছে।

১০০ টাকা মূল্যমান স্মারক নোটটির জন্য পৃথকভাবে বাংলা ও ইংরেজি লিটারেচার সম্বলিত ফোল্ডার প্রস্তুত করা হয়েছে। ফোল্ডার ছাড়া শুধুমাত্র খামসহ স্মারক নোটটির মূল্য নির্ধারণ করা হয়েছে ৳ ১৫০ (টাকা একশত পঞ্চাশ মাত্র) এবং ফোল্ডার ও খামসহ স্মারক নোটটির মূল্য নির্ধারণ করা হয়েছে ৳ ২০০ (টাকা দুইশত মাত্র) টাকা।

জাতীয় ও ব্যাংকিং স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

জি এম আবুল কালাম আজাদ

নির্বাহী পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

Mobile: 01676659986; Phone: 9530141(Direct) IP : 20077

E-mail: abul.kalam@bb.org.bd